**গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার**
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।
www.fisheries.sadar.manikganj.gov.bd

পত্র নং- ৩৩.০২.৫৬৪৬.৫০১.৩৪.০০১.২০-১২১ তারিখ: ২০/০৯/২০২০ খ্রি.

## <u>সভার নোটিশ</u>

আগামী ২৪/০৯/২০২০ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় জনাব আব্দুল লতিফ তোতা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ মিলনায়তন, মানিকগঞ্জ সদর. মানিকগঞ্জ এ মানিকগঞ্জ সদর উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সম্মানিত সদস্য হিসেবে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

(মো: জহিরুল ইসলাম আকন্দ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ
ফোনঃ ০২-৭৭১০৭৯৩

পত্রনং-৩৩.০২.৫৬৪৬.৫০১.৩৪.০০১.২০-১২১/১(৭) তারিখ: ২০/০৯/২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, মানিকগঞ্জ-৩
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ
৩। জেলা মৎস্য কর্মকর্তা, মানিকগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ
৫। চেয়ারম্যান, গড়পাড়া/দিঘী/কৃষ্ণপুর/আটিগ্রাম ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ
৬।উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।
৭। দপ্তর কপি।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

CamScanner

## মানিকগঞ্জ সদর উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভায় কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব আব্দুল লতিফ তোতা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

সভার তারিখ ঃ ২৪/০৯/২০২০ খ্রিঃ।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, মানিকগঞ্জ সদর. মানিকগঞ্জ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয়, ভাইস চেয়ারম্যান, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। অতঃপর তিনি সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জকে আলোচ্য সূচি মোতাবেক আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ, তার দপ্তরের, মৎস্য বিভাগীয় কার্যক্রম সভায় উপস্থাপন করেন। অত:পর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তাঁর প্রাণিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। কার্যক্রমগুলি সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও প্রস্তাবনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ | বিগত জুন/ ২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে উক্ত কার্যবিবরণী দৃঢ়করণের প্রস্তাব করা হয়। | বিগত জুন /২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী কোনরুপ পরিবর্তন/সংশোধন না করে দৃঢ়করণ করা হলো | সংশ্লিস্ট কমিটি |
| ০২ | মৎস্যচাষি ও মৎস্যজীবিদের প্রশিক্ষণ প্রদান | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার মানিকগঞ্জ সদর উপজেলার মৎস্যচাষি ও মৎস্য জীবীদের আধুনিক পদ্ধতিতে মাছচাষের গুরুত্ব তুলে ধরে বলেন মৎস্যজীবীরা মৎস্য সংরক্ষণ আইন বিষয়ে অবগত না থাকায় তারা নির্বিচারে ডিমওয়ালা মাছ এবং ছোট মাছ ধরে । ফলে দেশীয় প্রজাতির মাছ দিনদিন কমে যাচ্ছে। তাই মৎস্য সংরক্ষণ আইন বিষয়ে তাদের সচেতনামূলক প্রশিক্ষণের প্রয়োজন । তিনি আরও বলেন উপজেলায় প্রায় ১২০০ জন মৎস্যচাষি রয়েছে কিন্তু তাদের অধিকাংশই মাছচাষের আধুনিক প্রযুক্তি সর্ম্পকে অবগত নন । ফলে তারা মাছচাষ করে লাভবান হতে পারছে না । তাই উপজেলায় মৎস্য চাষিদের কার্পজাতীয় মাছের মিশ্রচাষ,মনোসেক্স তেলাপিয়ার চাষ এবং পাঙ্গাস মাছের চাষ বিষয়ে মৎস্য চাষিদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের প্রস্তাব করেন । | মৎস্যচাষি এবং মৎস্যজীবীদের বায়োফ্লক পদ্ধতিতে মাছচাষ, কার্পজাতীয় মাছের মিশ্রচাষ, মনোসেক্স তেলাপিয়ার, পাঙ্গাস মাছের চাষ এবং মৎস্য সংরক্ষণ আইন বিষয়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার |
| | মা ইলিশ রক্ষা কার্যক্রম ২০২০ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী অক্টোবর মাসে মা ইলিশ রক্ষা কার্যক্রম আছে যেখানে মা ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ এবং ক্রয়-বিক্রয় নিষিদ্ধওদন্ডনীয় অপরাধ।এই নিষেধাজ্ঞা বাস্তবায়নে সংশ্লিস্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগের চলমান বিভিন্ন কার্যক্রম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় তার বিভাগের কার্যক্রমের বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। তিনি জানান তাঁর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আব্দুল লতিফ তোতা)
সভাপতি
মৎস্য ও পানিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর

পত্রনং-৩৩.০২.৫৬৪৬.৫০১.৩৪.০০১.২০-১২১(ক)/১(৭) তারিখ: ২৪/০৯/২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, মানিকগঞ্জ-৩

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ

৩। জেলা মৎস্য কর্মকর্তা, মানিকগঞ্জ

৪। উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ

৫। চেয়ারম্যান, গড়পাড়া/দিঘী/কৃষ্ণপুর/আটিগ্রাম ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ

৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

৭। দপ্তর কপি।

২৪/০৯/২০২০

(মো: জহিরুল ইসলাম আকন্দ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ

CS CamScanner